MAR. 18 2001

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৪....




# নকল প্রতিরোধে ঢাকঢোল পেটানোই সার

রংপুর ঃ নকল প্রতিরোধে যতোই ঢাকঢোল পেটানো হোক না কেন, দেশজুড়ে এসএসসি পরীক্ষায় চলছে নক
শুধু নকল বললে কম বলা হয়, বলতে হবে 'চলছে নকলের মহোৎসব'। রংপুর জেলার বদরগঞ্জ উপজেলাও
উৎসবের বাইরে নয়। এখানকার দুটি পরীক্ষা কেন্দ্রে চলছে অবাধে নকল। কেন্দ্র দুটির একটি বদরগঞ্জ বালি
উচ্চ বিদ্যালয় এবং অন্যটি বদরগঞ্জ বালক উচ্চ বিদ্যালয়। ছবিতে (ওপরে বাম থেকে ডানে (১) ন
সরবরাহকারীদের বদরগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়ের দোতলার পরীক্ষা কেন্দ্রে উঠে নকল সরবরাহ করতে দে
যাচ্ছে; (২) বদরগঞ্জ বালক উচ্চ বিদ্যালয়ের দেয়ালের চারপাশে নকল সরবরাহকারীদের ভিড়। এক
সরবরাহকারীকে নকলসহ দেয়াল টপকানোর চেষ্টা করতে দেখা যাচ্ছে। তাকে সাহায্য করছে একজন। নি
ছবিতে (বাম থেকে ডানে): (৩) ক্লাসের ভেতরে ঢুকে তালেবর গোছের একজন নকল তুলে দিচ্ছে একজন ছাত্র
হাতে এবং (৪) নকল করা অবস্থায় একজন ছাত্রী। ছবি তুলতে গেলে তার মুখচোখ মুহূর্তে ফ্যাকাশে হয়ে যায়

ছবি ও প্রতিবেদন ঃ লিয়াকত আলী বাদল